ডেঙ্গু ৬১ জেলায়, আক্রান্ত দেড় লাখ

এডিস মশা নিধনে নানা তৎপরতার পরও ঠেকানো যাচ্ছে না ডেঙ্গুর বিস্তার। সরকারি হিসাব অনুযায়ী মঙ্গলবার দুপুর পর্যন্ত আগের ২৪ ঘণ্টায় রাজধানীসহ ৬১টি জেলায় ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন ১ হাজার ৩৩৫ জন। সরকারি হিসাবেই এ পর্যন্ত আক্রান্তের সংখ্যা ১৫ হাজার ৩৬৯ জন।

স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশনস সেন্টার ও কন্ট্রোল রুমের প্রতিবেদনে বলা হয়েছে, ডেঙ্গুতে আটজনের মৃত্যু হয়েছে। এদিকে রাজধানীর শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতালে মঙ্গলবার দুপুর পর্যন্ত ২৬৮ নতুন রোগী ভর্তি হন। একই সময় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে ভর্তি হন শতাধিক। ডেঙ্গু আক্রান্ত রোগীদের বিনামূল্যে চিকিৎসা দেয়ার সিদ্ধান্ত নিয়েছে হাসপাতাল কর্তৃপক্ষ। সচেতনতা সৃষ্টির জন্য বাংলাদেশ বিমান বাহিনী ডেঙ্গু নির্মূল অভিযান শুরু করেছে। ঢাকা ক্যান্টনমেন্টের বাশার ঘাটিতে অভিযান উদ্বোধন করেন বিমান বাহিনী প্রধান। একই এলাকায় ডেঙ্গু নিধন কর্মসূচি পালন করে বিমান বাহিনী মহিলা কল্যাণ সমিতি। ডেঙ্গু থেকে বাঁচতে বাসা-বাড়ি ও কর্মস্থল পরিচ্ছন্ন রাখার আহ্বান জানান, বাংলাদেশ চলচ্চিত্র শিল্পী সমিতি ও ঢাকা মেট্রোপলিটন পুলিশ। বিএফডিসির সামনে সমাবেশ থেকে দেশবাসীকে এডিস মশার আবাসস্থল ধ্বংসে আরও সচেতন হওয়ার আহ্বান জানানো হয়। এদিকে ডেঙ্গু ও বন্যা পরিস্থিতির কারণে স্বাস্থ্য মন্ত্রণালয়ের কর্মকর্তা-কর্মচারীদের ছুটি বাতিল করা হয়েছে। স্কুলের শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের ছুটি বাতিল করে শিক্ষা মন্ত্রণালয়।ঈদের

ছুটিতে সরকারি কর্মকর্তা কর্মচারীদের ঢাকা ত্যাগ না করার আহ্বান জানানো হয়। মন্ত্রিপরিষদ বিভাগের ভারপ্রাপ্ত সচিব জানান, সব হাসপাতালেই ডেঙ্গু রোগীদের চিকিৎসার ব্যবস্থা করা হচ্ছে। ডেঙ্গু রোগের চিকিৎসা কার্যক্রম তদারকিতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জাহিদ মালেক তার নিজের দপ্তরে ‘মিনিস্টার মনিটরিং সেল’ গঠন করেছেন। এই সেল থেকে ডেঙ্গু রোগ সংক্রান্ত জনভোগান্তি নিরসনে এবং স্বাস্থ্য মন্ত্রণালয়ের চলমান কর্মকাণ্ড তদারকি করা হবে বলে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সংবাদ

বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। এই সেলের আওতায় ডেঙ্গু নিয়ে যেকোনো অনিয়ম সম্পর্কে অভিযোগ জানাতে সার্বক্ষণিক যোগাযোগ ব্যবস্থা চালু করা হয়েছে। এজন্য হটলাইন নম্বরগুলো হলো: ০১৩১৪-৭৬৬০৬৯/০১৩১৪-৭৬৬০৭০, ০২-৪৭১২০৫৫৬/০২-৪৭১২০৫৫৭।